



Phone No : 0381-3562392

Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. ১১/ন.স. ১১/১৫

মহিলা কমিশনের সচেতনতা সভা

ধর্মনগর, ২০ মে ১১ শনিবার উত্তর
ত্রিপুরা জেলা সদর ধর্মনগর শহরে
ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে
মহিলা ও কন্যা সন্তানের প্রতি অপরাধ
সম্পর্কে এক সচেতনতা সভার
আয়োজন করা হয় উত্তর ত্রিপুরা জেলা
পরিষদের কনফারেন্স হলে। যেখানে
উপস্থিত ছিলেন রাজ্য মহিলা
কমিশনের চেয়ার পার্সন বর্ণালী
গোস্বামী। সভায় মহিলা ও কন্যা
সন্তানের উপর নান্ন অপরাধ বিষয়ে
বক্তব্য রেখে সচেতন করার চেষ্টা
করেন উপস্থিত বিশিষ্টজনেরা।

Date : ২১-৫-১১

Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. ১৭৮৫ ১৫/১১/১৫

মহিলা কমিশনের উদ্যোগে আলোচনা সভা সংবাদ প্রতিনিধি

Date : ২১-৫-১৩

কমলপুর, ২০ মে : মা-বোনদের উপর অত্যাচারের ধরন কিছুটা পাল্টে গেছে। অপরাধের সংখ্যা কমেছে কিন্তু এখনও হচ্ছে। শিশুদের উপরও অত্যাচার হচ্ছে। বঙ্গব্যা রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী। আঠার মে মহকুমাস্বাকের হলে কমিশনের উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলাভিত্তিক সভায় বিভিন্ন স্তরের মানুষ যোগ দেন। সভাটি আহূত হয় উল্লিখিত অপরাধ দমনে সবার সহযোগিতায় প্রতিরোধের পথ উদ্ভাবন করার জন্য। অন্যতম বক্তা ছিলেন চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী। ছিলেন কমিশনের ভাইস চেয়ারপার্সন অস্মিতা বণিক, সদস্য ডালিয়া সিন্হা, বিধায়িকা স্বপ্না দাস পাল, সহ-জেলাধিপতি অনাদি সরকার, দুর্গা চৌমুহনী ব্রকের চেয়ারপার্সন শম্পা দাস, ধলাই জেলা পরিষদ সদস্য সুস্মিতা দাস প্রমুখ। বঙ্গব্যা রাখতে গিয়ে শ্রীমতী গোস্বামী বলেন, অপরাধের ধরন পাল্টাচ্ছে। এখন আঙনে পুড়িয়ে হত্যার সংখ্যা কমেছে। কিন্তু মাদকের ব্যবহার বৃদ্ধি পেয়েছে।

সম্প্রতি আগরতলায় এক কলেজ ছাত্রী ধর্ষিতা হয়েছে। এর সাথে যুক্ত মাদক। বৃদ্ধি পেয়েছে সাইবার ক্রাইম। তিনি বলেন, প্রতিটি জেলাতে এই ধরনের সভা হবে। এর পর হবে ব্লক স্তরে। শেষ হবে পঞ্চায়েত স্তরে। বিধায়িকা স্বপ্না দাস পাল সহ আরও অনেকে বঙ্গব্যা রাখেন।

Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. (11) 17 54/112

ধর্ষিতা গৃহবধূর পাশে মহিলা কমিশন

আগরতলা, ১৯ মেঃ স্থানীয় পত্রিকায় প্রকাশিত 'বাড়িতেই ধর্ষিতা গৃহবধূ' শীর্ষক খবরের ভিত্তিতে মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী এবং কমিশনের কাউন্সিলর মান্না সাহা সতেরো মে ঘটনার তদন্তে যান আগরতলার কবিরাজটিলা এলাকায়। প্রতিনিধি দলটি নির্যাতিতা মহিলার সাথে কথা বলেন। নির্যাতিতা এই ঘটনায় যুক্ত সকলের কঠোর শাস্তি চান। পুলিশি তদন্তক্রমে অপরাধীরা শীঘ্রই গ্রেপ্তার হবে বলে কমিশন আশাবাদী। মহিলা কমিশনের পক্ষ থেকে এই ঘটনার তীব্র নিন্দা জানানো হয় এবং সুষ্ঠু তদন্তক্রমে দোষীদের দ্রুত ও কঠোর শাস্তি দাবি করা হয়। মহিলা কমিশন নির্যাতিতার পাশে রয়েছে এবং তার প্রতি সবরকম সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছে যাতে তিনি দ্রুত ন্যায় বিচার লাভ করতে পারেন।

Date : 20-5-23

Tripura Commission For Women

Melarmath, Agartala, West Tripura, PIN - 799001
e-mail : tripuracommissionforwomen@gmail.com
Website : www.tcw.tripura.gov.in

Ref. No. স্মরণ পত্রিকা

Date: 19-5-23

কমলপুরে মহিলা কমিশনের সচেতনতামূলক কর্মসূচি

স্বাক্ষর প্রতিনিধি, কমলপুর, ১৮ মে।
ভারতবর্ষে একসময় মহিলারা
অনেকের প্রিয় ছিল। কিন্তু মধ্যযুগ
থেকে মহিলারা পর্দার আড়ালে চলে
যায়। আজ কমলপুর এসডিএম
অফিসের কনফারেন্স হলে মহিলা
কমিশনের উদ্যোগে আয়োজিত এক
সচেতনতা সভায় এই বক্তব্য রাখেন
রাজ্য মহিলা কমিশনের চেয়ারম্যান
বর্ণালী গোস্বামী।

আজ মহিলা ও কন্যা সন্তানদের
বিরুদ্ধে অপরাধ সংক্রান্ত বিষয়ে এক
সচেতনতা শিবিরের আয়োজন করা
হয়। বেলা বারোটায় প্রদীপ প্রজ্জ্বলন
করে এই সচেতনতা শিবিরের
উদ্বোধন করেন চেয়ারম্যান বর্ণালী
গোস্বামী। এছাড়া উপস্থিত ছিলেন
বিধায়ক স্বপ্না দাস(পাল), মহিলা
কমিশনের ভাইস চেয়ারম্যান অশ্বিতা
বণিক, সদস্য ডালিয়া সিংহ,
দুর্গাচৌমুহনি পঞ্চায়েত সমিতির
চেয়ারম্যান শম্পা দাস, জেলা
পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি



অনাদি সরকার প্রমুখ। জানা যায়,
মহিলা কমিশন এই ধরনের সচেতনতা
মূলক অনুষ্ঠান প্রতিটি জেলায় করবে।
আজ কমলপুরে ধলাই জেলায় হয় এই
অনুষ্ঠান। পরবর্তী সময়ে বাকি
জেলাগুলিতেও ধাপে ধাপে বৃকসুর
থেকে পঞ্চায়েত স্তরে করা হবে।
শ্রীমতি গোস্বামী বলেন, আগে আমরা
কর্মক্ষেত্রে যৌন হেনস্থার বিষয়টি
জানতামনা। কিন্তু বর্তমানে সেটি
বেড়ে চলেছে। তিনি আরও বলেন,
মোবাইলের মাধ্যমে মহিলাদের

উত্যক্ত করা হয়। তিনি বলেন, এই
রাজ্যে আগে পারিবারিক হিংসার জেরে
গায়ে আগুন দেওয়ার ঘটনা প্রায়ই
ঘটতো। সেটা বর্তমানে কিছুটা কম।
কয়েকদিন পূর্বে একটি মেয়েকে
গাড়িতে ধর্ষণের ঘটনাটি তিনি উল্লেখ
করেন। তিনি বলেন, সমাজে ঘটে
যাওয়া মহিলা ও কন্যা সন্তানদের উপর
এই ধরনের অপকর্ম যাতে না ঘটে
তার জন্য মহিলা কমিশনের এই
সচেতনতামূলক অনুষ্ঠান। এই
অনুষ্ঠানে অন্যান্যরাও বক্তব্য রাখেন।